



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২২ সালের গ্রীষ্মকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগরে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় এক হাজার শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেইসঙ্গে শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গেও পরিচয় করিয়ে দেওয়া হয়। এতে প্রধান অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী। বিশেষ অতিথির বক্তব্য দেন—বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ জিয়াউল হক মামুন এবং সভাপতির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সংবাদ বিজ্ঞপ্তি।